

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৯.৩৯.৫৫৭.১৭-৪৫৬

তারিখঃ ০৬ অগ্রহায়ণ, ১৪২৪ বাং  
২০ নভেম্বর, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভুক্ত ৬ষ্ঠ পর্বের মাধ্যমে ১৩টি জেলার ২০টি উপজেলায় নির্বাচিত যুবদের মৌলিক প্রশিক্ষণ ৩ ডিসেম্বর, ২০১৭খ্রিঃ হতে শুরু প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভুক্ত ৬ষ্ঠ পর্বের অধীনে ১৩টি জেলার ২০টি উপজেলায় কর্মসূচিতে অন্তর্ভুক্তির জন্য যুবক/যুবনারীদের চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়েছে।

২। কর্মসূচির নীতিমালা অনুযায়ী নির্বাচিত যুবদের ২ বছর মেয়াদী অস্থায়ী কর্মসংস্থান প্রদানের পূর্বে তাদেরকে ১০টি নির্ধারিত মডিউলের উপর ৩ মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়। সে লক্ষ্যে নির্বাচিত যুবদের প্রশিক্ষণ প্রদানের কাজ শুরু করার জন্য বিশেষজ্ঞ প্রশিক্ষক ও উপজেলা মাস্টার ট্রেনার টিম গঠন; প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ ও অন্যান্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। প্রস্তুতি অনুযায়ী ৩ ডিসেম্বর, ২০১৭খ্রিঃ প্রশিক্ষণ শুরু করা যেতে পারে। উল্লেখ্য যে, চলতি অর্থবছরের মধ্যে ৩ মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ শেষ করার নিমিত্ত ৩ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ প্রশিক্ষণ শুরু করা অতিব জরুরী।

৩। এমতাবস্থায়, আগামী ৩ ডিসেম্বর, ২০১৭খ্রিঃ থেকে আলোচ্য কর্মসূচির অধীনে বাছাইকৃত উপকারভোগীদের মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার জন্য সদয় অনুমোদনক্রমে নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতিব জরুরী।

প্রাপকঃ ১) উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
----- জেলা।

২) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
যুব উন্নয়ন অধিদপ্তর  
-----উপজেলা-----জেলা।

(আবুল হাছান খান)  
যুগ্মসচিব  
পরিচালক(পরিকল্পনা)  
ও  
পরিচালক(অঃ দাঃ)  
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি  
ফোন : ৯৫৬০৭০৩

অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব(যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক,------(সংশ্লিষ্ট)।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা------(সংশ্লিষ্ট)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।